দৈনিক বাংলা

10

তারিখ ... 02 JAN 1996 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

# শিক্ষার আলো ছড়িয়ে দিন ঃ প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস ১ জানুয়ারী সোমবার থেকে দেশব্যাপী জাতীয় প্রাথমিক শিক্ষা পক্ষ উদযাপন উপলক্ষে এক বাণীতে বলেন, সুখী, সমৃদ্ধি দেশ গড়ার লক্ষ্যে শিক্ষার ব্যাপক প্রসার নিশ্চিত করতে হবে। এই লক্ষ্যে প্রাথমিক শিক্ষাকে সরকার সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করেছে। এই উদ্যোগ তখনই সফল হবে যখন দেশের সর্বসাধারণকে প্রাথমিক শিক্ষার প্রতি উদ্বুদ্ধ ও সচেতন করে তাঁদের অংশগ্রহণ নিশ্চিত করা সম্ভব হবে।

প্রেসিডেন্ট বলেন, এই উদ্দেশ্যে সকলের জন্য প্রতি বছর বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে জাতীয় প্রাথমিক শিক্ষা পক্ষ উদযাপন করা হয়। থানা ও জেলা পর্যায়ে বিভিন্ন অনুষ্ঠান, প্রতিযোগিতা ও ব্যাপক প্রচারের মাধ্যমে জনসাধারণকে প্রাথমিক শিক্ষার প্রতি উদ্বুদ্ধ হবার ব্যবস্থা নেয়া হয়। ১৯৯৬ সালেও দেশব্যাপী প্রাথমিক শিক্ষা পক্ষ উদযাপিত হচ্ছে জেনে আমি আনন্দিত। আমি আশা করি এর ফলে জনসাধারণ প্রাথমিক শিক্ষার প্রতি উদ্বুদ্ধ ও সচেতন হবেন।

তিনি আরও বলেন, উন্নত ও স্বনির্ভর দেশ গড়ার জন্য অবশ্যই দেশের সব মানুষের মাঝে শিক্ষার আলো ছড়িয়ে দিতে হবে। তাই এই শিক্ষা পক্ষকে সফল করতে সকলের সম্মিলিত উদ্যোগ নিতে হবে। আমি শিক্ষা বিস্তারের এই উদ্যোগের সাফল্য কামনা করি। খবর তথ্য বিবরণীর।